

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর  
প্রভাতী প্রকল্প (ডিডিএম অংশ)  
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২  
[www.ddm.gov.bd](http://www.ddm.gov.bd)

**প্রভাতী প্রকল্প-ডিডিএম অংশের মাসিক সমন্বয় সভা (ডিসেম্বর) এর কার্যবিবরণী**

সভাপতি : নিতাই চন্দ্র দে সরকার

পরিচালক (এমআইএম)

দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

ও

প্রকল্প সমন্বয়ক

প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট

তারিখ : ৮ ডিসেম্বর, ২০২১ সময়: সকাল ৯.৩০ টা

স্থান : মিনি কনফারেন্স রুম (৮ম তলা)

হাজিরা : পরিশিষ্ট - ক

সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। প্রকল্পের কাজের অগ্রগতি, পরবর্তী কার্যক্রম, অর্থনৈতিক বিষয়াদিসহ বিবিধ বিষয়ে আলোচনার জন্য আজকের সভার আয়োজন করা হয়েছে। অতঃপর, সভাপতি কর্তৃক সকলের মতামত আহবান করা হয়।

০২। সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে প্রাপ্ত মতামতের ভিত্তিতে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্র.নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১।	PowerPoint Presentation এর মাধ্যমে অগ্রগতি উপস্থাপন	আলোচনা সভার শুরুতে অক্টোবর ও নভেম্বর মাসের প্রকল্পের কাজের অগ্রগতি, পরবর্তী কার্যক্রম নিয়ে রাইমস এর প্রোগ্রাম	পরবর্তী মাসিক আলোচনা সভা হতে প্রকল্পের কাজের অগ্রগতি পাওয়ারপয়েন্ট স্লাইড এর	প্রোগ্রাম ম্যানেজার

ক্র.নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
		ম্যানেজার ও অন্যান্য সদস্যদের সাথে সভাপতির আলোচনা হয়। পরবর্তী আলোচনা সভা হতে এই কর্ম বিবরণী PowerPoint Presentation এর মাধ্যমে উপস্থাপনা নিয়ে বিশদ আলোচনা হয়।	মাধ্যমে উপস্থাপন করতে হবে।	
০২।	অক্টোবর-নভেম্বর মাসের সার্বিক অগ্রগতি ও ডিসেম্বর মাসের কাজের পরিকল্পনা	প্রভাতী প্রকল্প-ডিডিএম অংশের, অক্টোবর ও নভেম্বর মাসের প্রকল্পের কাজের অগ্রগতি , ডিসেম্বর মাসিক কাজের পরিকল্পনা প্রণয়ন এবং সেই মোতাবেক কর্মকাণ্ড সমূহ বাস্তবায়ন নিয়ে বিস্তারিত আলোচনা হয় ।	মাসিক আলোচনা সভায় আলোচিত ডিসেম্বর মাসের কর্ম পরিকল্পনা সমূহ বাস্তবায়ন করতে হবে।	প্রোগ্রাম ম্যানেজার

ক্র.নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০৩।	প্রকল্পের কাজের সঙ্গে সংশ্লিষ্ট ব্যক্তিদের নাম্বার সংগ্রহ ও তালিকা করণ	প্রভাতী প্রকল্প-ডিডিএম অংশের অন্তর্ভুক্ত জেলা, উপজেলা এবং ইউনিয়ন সমূহের DRRO, PIO, UNO ,এবং বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের অফিস প্রধানদের সেলফোন নাম্বার ,ইমেইল আইডি সমূহ সংগ্রহ নিয়ে আলোচনা হয় ।	মাসিক আলোচনা সভায় আলোচিত, প্রকল্পের কাজের সঙ্গে সংশ্লিষ্ট ব্যক্তিদের সেলফোন নাম্বার সংগ্রহ করতে হবে।	জিআইএস স্পেশালিস্ট ও কমিউনিকেশন অফিসার
০৪।	Knowledge Material প্রস্তুতি	প্রকল্পের সংশ্লিষ্ট নোটবুক, ফোল্ডার, লিফলেট ও Project brief এর হালনাগাদ এবং সংযোজন নিয়ে আলোচনা হয় । বিশেষ করে নোটবুক ও ফোল্ডার সামগ্রীতে প্রকল্পের কর্মকান্ডসমূহের সারসংক্ষেপ সংযোজনের পদক্ষেপ নিতে হবে।	প্রকল্প সংশ্লিষ্ট বিভিন্ন কর্মকান্ডসমূহের সারসংক্ষেপ হালনাগাদ করতে হবে ।	কমিউনিকেশন অফিসার

ক্র.নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০৫।	প্রকল্পের সংশ্লিষ্ট জেলায় প্রারম্ভিক কর্মশালার আয়োজন	প্রভাতী প্রকল্পের পরিধি বিবেচনা করে জেলা পর্যায়ে অংশীজনদের জন্য প্রারম্ভিক কর্মশালা আয়োজন নিয়ে আলোচনা হয়। এই লক্ষ্যে কুড়িগ্রাম ও গাইবান্ধা হতে সংশ্লিষ্ট অংশীজনদের উপস্থিতিতে রংপুরে কর্মশালা আয়োজনের সম্ভাব্য তারিখ প্রাথমিকভাবে ২১ বা ২২ ডিসেম্বর নির্ধারণ করা হয়। উক্ত কর্মশালায় সম্ভাব্য অংশগ্রহণকারীদের তালিকা প্রণয়ন নিয়ে বিশদ আলোচনা হয়।	প্রকল্পের সংশ্লিষ্ট জেলা কুড়িগ্রাম ও গাইবান্ধার প্রারম্ভিক কর্মশালার আয়োজন করতে হবে। কর্মশালায় অংশগ্রহণকারীদের সম্ভাব্য তালিকা প্রণয়ন করতে হবে।	প্রকল্প সমন্বয়ক ও প্রোগ্রাম ম্যানেজার
০৬।	Annual Procurement Plan	পণ্য, পরিষেবা ও পরিকাঠামোর জন্য প্রয়োজনীয় তথ্য প্রতিফলিত করার জন্য Annual Procurement Plan প্রণয়ন এবং বাজেটের সংশ্লিষ্ট বিষয় নিয়ে আলোচনা হয়।	Annual Procurement Plan বাস্তবায়ন করতে হবে।	উপপ্রকল্প সমন্বয়ক (ICT) ও প্রোগ্রাম ম্যানেজার

ক্র.নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০৭।	ল্যাপটপ, কম্পিউটার ক্রয়	DPP ও MoU এর সংস্থান  অনুযায়ী ডেস্কটপ, ল্যাপটপ, প্রিন্টার, স্ক্যানার, ও অন্যান্য সামগ্রী সংগ্রহের বিষয়ে আলোচনা হয়।	DPP ও MoU এর সংস্থান অনুযায়ী  ডেস্কটপ, ল্যাপটপ, প্রিন্টার, স্ক্যানার, ফটোকপি মেশিন ও অন্যান্য সামগ্রি দ্রুত ক্রয় ও সংগ্রহের জন্য DDM এর পক্ষ হতে জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	উপপ্রকল্প সমন্বয়ক  (GIS/RM) ও প্রোগ্রাম ম্যানেজার
৮।	সার্ভার ক্রয় সংক্রান্ত অনুমোদন গ্রহন	প্রভাতী প্রকল্পের বিভিন্ন কর্মকান্ড বিশ্লেষণ এবং উপস্থাপনে সহায়তা করার জন্য ওয়েবসাইট তৈরির নিমিত্তে sub-domain এবং সার্ভার স্পেস নিয়ে আলোচনা হয়।	এই কর্মকাণ্ড বাস্তবায়নের জন্য যাবতীয় পদক্ষেপ দ্রুত গ্রহণ করতে হবে।	উপপ্রকল্প সমন্বয়ক (ICT) ও প্রোগ্রাম ম্যানেজার

০৩। অতঃপর, সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি আজকের সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(নিতাই চন্দ্র দে সরকার)

প্রকল্প সমন্বয়ক

প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট

স্মারক নং- ৫১.০১.০০০০.০৪৬.২৯.০০২.২১.

তারিখ: ৯-১২-২০২১ খ্রিঃ

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে:

- ০১। প্রকল্প পরিচালক, প্রভাতী প্রকল্প, এলজিইডি, আগারগাঁও, ঢাকা।
- ০২। উপ-প্রকল্প পরিচালক, প্রভাতী প্রকল্প, এলজিইডি, আগারগাঁও, ঢাকা।
- ০৩। ডেপুটি প্রজেক্ট কো-অর্ডিনেটর (GIS ও RM), প্রভাতী প্রকল্প-(ডিডিএম অংশ), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
- ০৪। কান্ট্রি প্রোগ্রাম লিড-বাংলাদেশ, RIMES।
- ০৫। পিএ টু মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

(প্রবীর কুমার দাস)

ডেপুটি প্রজেক্ট কো-অর্ডিনেটর

প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট